দৈনিক ইনকিলাব

তারিখ ... OCT 19.. ...
পৃষ্ঠা ... ... ... 1 কলাম ... 6 ... ...

4

# প্রকাশিত খবর সম্পর্কে টেক্সট বুক বোর্ডের ব্যাখ্যা

গতকাল দৈনিক ইনকিলাবে "টেক্সট বুক বোর্ডে এখনো অনিয়ম ও দুর্নীতি" শীর্ষক প্রকাশিত খবরের পরিপ্রেক্ষিতে বোর্ডের ব্যাখ্যা হচ্ছে নিম্নরূপঃ

গত ৯ জুলাই, মেসার্স প্রিন্টার্স কনসোর্টিয়ামের সঙ্গে অত্র বোর্ডের আইন উপদেষ্টার উপস্থিতিতে আয়োজিত সালিসি বৈঠকে এইমর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে, বোর্ড কর্তৃক সংশ্লিষ্ট প্রেসকে বই ছাপার জন্য সরবরাহকৃত কাগজের দামের জরিমানা হিসাবে দ্বিগুণ মূল্য এবং সাধারণ জরিমানা ১০ হাজার টাকাসহ সর্বমোট ৫,৪৯,৮০৪ টাকা বোর্ডের খাতে পরিশোধ করতে হবে। সে মোতাবেক উল্লিখিত টাকার অর্ধেক ২,৭৪,৯০২ টাকা গত ৩১ জুলাই তারিখের মধ্যে মেসার্স প্রিন্টার্স কনসোর্টিয়ামকে পরিশোধ করার নির্দেশ দেওয়া হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অবশিষ্ট টাকা অর্থাৎ বাকী অর্ধেক ২,৭৪,৯০২ টাকা প্রতি মাসে এক কিস্তি করে সর্বমোট পাঁচ কিস্তিতে বোর্ডের খাতে মেসার্স প্রিন্টার্স কনসোর্টিয়ামকে পরিশোধ করারও নির্দেশ দেওয়া হয়েছে।

শেষ পৃঃ ৪-এর কঃ দেখুন

## টেক্সট বুক বোর্ড

প্রথম পৃষ্ঠার পর

মেসার্স প্রিন্টার্স প্রথম কিস্তিতে দেয় টাকার পরিবর্তে ৫০ হাজার টাকা পরিশোধের আবেদন জানালে বোর্ড কর্তৃপক্ষ সেই প্রস্তাবে রাজি না হয়ে সালিসির সিদ্ধান্ত মোতাবেক বোর্ডের প্রাপ্য টাকা আগামী ৩১ অক্টোবরের মধ্যে অত্র বোর্ডের খাতে জমা দেওয়ার জন্যই শেষবারের মতো নির্দেশ প্রদান করেন।

এ, এম, এম, আহসান উল্লাহ
সচিব